

AKASHVANI (AIR)
RNU : KOLKATA
Bengali Text Bulletin

Date: 29.11.2024

Time: 7.35A.M.

বিশেষ বিশেষ খবর -

- ১) কেন্দ্রীয় সরকার, ‘ওয়াকফ সংশোধনী বিল’ সংসদে উত্থাপনের আগে রাজ্যের সঙ্গে কোনও আলোচনা করেনি বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি অভিযোগ করেছেন।
- ২/ RG Kar কান্ডের প্রতিবাদে রাজ্য চিকিৎসকদের আন্দোলন চলাকালীন, ‘স্বাস্থ্যসাথী কার্ড’র অপব্যবহার হয়েছে বলে বিধানসভায় জানিয়েছেন মুখ্যমন্ত্রী।
- ৩/ বিশ্ববঙ্গ বাণিজ্য সম্মেলনের প্রস্তুতি নিয়ে রাজ্য সরকার আজ বৈঠকে বসছে।
- ৪/ বাংলাদেশের সংখ্যালঘু হিন্দুদের ওপর নির্যাতনের প্রতিবাদ এবং চিন্ময়কৃষ্ণ দাসের নিঃশর্ত মুক্তির দাবীতে রাজয়ের বিভিন্ন প্রান্তে বিক্ষোভ, সমাবেশ চলছে।
বাংলাদেশের সাম্প্রতিক ঘটনাবলীতে তিনি ‘দুঃখিত ও মর্মাহত’ বলে, জানিয়েছেন মুখ্যমন্ত্রী।
- ৫/ পশ্চিমী ঝাঙ্গা ও ঘূর্ণাবর্তের প্রভাবে কিছুটা বেড়েছে তাপমাত্রা।
- ৬/ ISL ফুটবলে যুবভারতী ক্রীড়াঙ্গণে ইস্টবেঙ্গল আজ নর্থ ইস্ট ইউনাইটেডের মুখোমুখি হবে।

‘ওয়াকফ সংশোধনী বিল’ সংসদে উত্থাপনের আগে কেন্দ্রীয় সরকার, রাজ্যের সঙ্গে কোনও আলোচনা করেনি বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি অভিযোগ করেছেন।

বিধানসভায় প্রশ্নেতর পর্বে গতকাল তৃণমূল কংগ্রেস সদস্য মোশারফ হোসেনের এক প্রশ্নের জবাবে তিনি জানান, নতুন বিলে মুসলিমদের অধিকার কেড়ে নেওয়া হয়েছে। কেন্দ্রের আনা বিল আইনে পরিণত হলে ওয়াকফ ব্যবস্থাই ধ্বংস হয়ে যাবে।

ISF সদস্য নওশাদ সিদ্দিকীর অন্য এক প্রশ্নের জবাবে মুখ্যমন্ত্রী বলেন, তাঁর সরকারের আমলে রাজ্যে কোনো ওয়াকফ সম্পত্তি দখল হয়নি। আগে দখল হয়ে যাওয়া বেশ কিছু সম্পত্তি ইতমধ্যে পুনরুদ্ধার করা হয়েছে।

এদিকে, ওয়াকফ সংশোধনী বিল বাতিলের দাবীতে ‘জামিয়াত উলেমায়ে হিন্দ’ গতকাল ধর্মতলায় প্রতিবাদ সমাবেশ করে। রাজ্যের বিভিন্ন প্রান্ত থেকে মুসলিম সমাজের প্রতিনিধিরা এতে অংশ নেন।

অন্যদিকে, ‘ওয়াকফ সংশোধনী বিল’ সংক্রান্ত যৌথ সংসদীয় কমিটির চেয়ারম্যান জগদস্থিকা পাল, গতকাল লোকসভায় এই সংক্রান্ত রিপোর্ট পেশের সময়সীমা ২০২৫-এর বাজেট অধিবেশনের শেষ দিন পর্যন্ত বাড়ানোর প্রস্তাব উত্থাপন করেন। পরে নিম্নকক্ষে সেটি গৃহীত হয়।

ওয়াকফ সম্পত্তি নিয়ে সবচেয়ে আগে কংগ্রেস প্রতিবাদ করেছিল বলে দলের বরিষ্ঠ নেতা অধীর রঞ্জন চৌধুরী মন্তব্য করেছেন। ২০০৬ সালে কংগ্রেসই প্রথম ‘সাচার কমিটি’ তৈরি করে। অধীরবাবু বলেন, সাচার কমিটির রিপোর্ট থেকে মানুষ জানতে পারে ওয়াকফ বোর্ড ও সম্পত্তির প্রকৃত চেহারা। তাতে দেখা যায়, সারা ভারতে সবচেয়ে বেশি ওয়াকফ সম্পত্তি রয়েছে পশ্চিমবঙ্গে।

২০১৩ সালে ইউ পি এ সরকার ওয়াকফ আইন সংশোধন করেছিল বলেও অধীর বাবু মনে করিয়ে দেন।

তিনি বলেন, বিষয়টি নিয়ে রাজনীতি না করে ওয়াকফ কি তা মানুষের কাছে স্পষ্ট করে তুলে ধরা দরকার।

R G Kar কাণ্ডের প্রতিবাদে রাজ্যে চিকিৎসকদের আন্দোলন, কর্মবিরতি চলাকালীন স্বাস্থ্যসাথী কার্ডের অপব্যবহার হয়েছে বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি জানিয়েছেন। বিধানসভার প্রশ্নেত্তর পর্বে গতকাল স্বাস্থ্যসাথীর বরাদ্দ অপব্যবহার সংক্রান্ত এক প্রশ্নের জবাবে তিনি জানান, অধিয় সত্য হলেও এধরণের ঘটনা ঘটেছে। ওই সময় স্বাস্থ্যসাথী খাতে সরকারের বাড়তি খরচ হয়েছে। তবে জনগণের টাকার এই অপব্যবহার সরকার বরদান্ত করবে না বলে তিনি স্পষ্ট জানিয়ে দিয়েছেন।

বিজেপি বিধায়ক শঙ্কর ঘোষ বলেছেন, স্বাস্থ্য সাথী নিয়ে মুখ্যমন্ত্রীর বক্তব্যের সঙ্গে বাস্তবের কোনো মিল নেই। রাজ্যের বাইরে স্বাস্থ্যসাথী গ্রহণযোগ্য নয়। হাসপাতাল ও নার্সিংহোমগুলিতে এই প্রকল্পের অধীনে পরিষেবা পেতে সাধারণ মানুষকে ভোগান্তির সম্মুখীন হতে হয় বলে তাঁর আরো অভিযোগ।

(বাইট- শঙ্কর ঘোষ)

ট্যাব জালিয়াতি কাণ্ডের সমাধানে রাজ্য প্রশাসন তৎপর বলে, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি রাজ্য বিধানসভায় জানিয়েছেন। শীতকালীন অধিবেশনের চতুর্থ দিনে গতকাল প্রশ্নেত্তর পর্বে মুখ্যমন্ত্রী জানান, ট্যাব জালিয়াতি নিয়ে উচ্চ শিক্ষা দপ্তরের সঙ্গে দফায় দফায় বৈঠক হয়েছে। যেকোনো মূল্যে এই প্রতারণা ঠেকাতে রাজ্য সরকার প্রতিশ্রূতিবদ্ধ। রাজস্থান, বিহার, মুম্বাই ও ঝাড়খন্ডের নানা চক্র, এর সঙ্গে জড়িত। আগামী দিনে প্রাপকের পরিবর্তে অন্যের অ্যাকাউন্টে সরকারের আর্থিক সাহায্য বাবদ দেওয়া অর্থ চুকলে, দায়িত্বে থাকা লোকেদের কড়া শাস্তির মুখে পড়তে হবে বলে মুখ্যমন্ত্রী ছঁশিয়ারি দিয়েছেন। ইতমধ্যেই বেশ কয়েকজনকে পাকড়াও করা হয়েছে বলে জানিয়ে মুখ্যমন্ত্রী বলেন, নতুন পদ্ধতিতে সুবিধা বন্টনে ১৬ শ' কোটি টাকা খরচ করে বিশেষ ব্যবস্থা গড়ে তোলা হচ্ছে।

এদিকে, ট্যাব জালিয়াতি কাণ্ডে একটি রাষ্ট্রীয়ত্ব ব্যাক্ষের গ্রাহক সেবা কেন্দ্রের মালিককে গ্রেফতার করেছে শিলিঙ্গড়ি মেট্রোপলিটন পুলিশের সাইবার ক্রাইম বিভাগ।

ধৃত মনোজ চৌধুরীকে তাঁর মালদা জেলার বৈশ্ববনগরের বাড়ি থেকে পাকড়াও করা হয়। তার দোকান থেকে বেশ কয়েকটি পেন ড্রাইভ সহ নথিপত্র বাজেয়াপ্ত করেছে পুলিশ।

গতকাল ধৃতকে শিলিঙ্গড়ি আদালতে তোলা হলে পাঁচ দিনের ট্রানজিট রিম্যান্ড হয়েছে।

বিশ্ববঙ্গ বাণিজ্য সম্মেলনের প্রস্তুতি নিয়ে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আজ বৈঠক দেকেছেন। আলিপুরের অতিথিশালা ‘সৌজন্য’ এই বৈঠক হওয়ার কথা।

মুখ্য সচিব মনোজ পন্থ, স্বরাষ্ট্র সচিব নন্দিনী চক্রবর্তী, পুলিশের মহা নির্দেশক রাজীব কুমার ছাড়াও রাজ্যের প্রথমসারির শিল্পপতিরা বৈঠকে যোগ দেবেন। থাকবেন বণিকসভার প্রতিনিধিরাও। শিল্প দফতর মূলত এই বৈঠকের দায়িত্বে থাকলেও সম্মেলনের সঙ্গে যুক্ত সব দফতরের সচিবরাই বৈঠকে যোগ দেবেন।

উল্লেখ্য, আগামী বছর পাঁচ ও ৬-ই ফেব্রুয়ারী ‘বিশ্ববঙ্গ বাণিজ্য সম্মেলন’ আয়োজিত হবে। দেশ-বিদেশের শিল্পপতিদের পাশাপাশি ভুটানের রাজা এতে অংশ নেবেন বলে জানা গেছে। থাকবে বিশেষ প্রদর্শনী ও সাংস্কৃতিক অনুষ্ঠান।

উত্তর ২৪ পরগনার অশোকনগরের খনিজ তেল উত্তোলনের মাধ্যমে রাজ্যের কোষাগারে বিপুল টাকা আসার সম্ভাবনা থাকলেও, তৃণমূল কংগ্রেস সরকার বিষয়টি নিয়ে উদাসীন বলে বিজেপি অভিযোগ করেছে। দলের তরফে এক বিবৃতিতে জানানো হয়েছে যে, ২০২০ সাল থেকে এপর্যন্ত রাজ্য সরকারকে এই তেল খনিতে উৎপাদন সংক্রান্ত ১৯ টি চিঠি দেওয়া হয়েছে কেন্দ্রের তরফে। ১৪ টি চিঠি গেছে ONGC, ৩টি চিঠি কেন্দ্রীয় পেট্রোলিয়াম এবং প্রাকৃতিক গ্যাস মন্ত্রক থেকে। এছাড়াও বহুবার সেখানে কেন্দ্রীয় টিম এসে পরিদর্শন করে গিয়েছে। রাজ্যের উন্নয়নে উৎসাহী কেন্দ্র সরকার ইতিমধ্যে ১ হাজার ৪৫ কোটি টাকার বিনিয়োগ করেছে। তা সত্ত্বেও রাজ্য

সরকার কাজ এগিয়ে নিয়ে যাওয়ার জন্য অনুমোদন দিচ্ছে না বলে বিজেপির অভিযোগ।

উল্লেখ্য, অশোকনগর ছাড়াও পশ্চিমবঙ্গে আরো এমন পাঁচ জায়গায় খনিজ তেলের হাদিস পাওয়া গেছে।

আবাস সমীক্ষার পর প্রথম তালিকা প্রকাশিত হলেও রাজ্যের বিভিন্ন প্রান্তে বিক্ষেপিত অব্যাহত। মালদার কালিয়াচক-১নং বিডিও অফিসে গতকাল আবাস তালিকা প্রকাশ পেতেই সুবিধাপ্রাপকদের নাম নিয়ে প্রশ্ন তুলেছেন বিভিন্ন গ্রাম পঞ্চায়েতের প্রতিনিধিরা। তাদের অভিযোগ, নতুন করে সমীক্ষার পর যে নামের তালিকা প্রকাশ করা হয়েছে সেই তালিকা থেকে অনেক যোগ্য মানুষের নাম বাদ গেছে। আর যারা ঘর পাওয়ার যোগ্য নন, তাদের নাম এসেছে। এই বিষয়ে আগামী দিনে তারা বিডিও অফিসে অভিযোগ জানানোর পাশাপাশি প্রয়োজনে বিক্ষেপিত দেখাবেন বলেও স্পষ্ট জানিয়েছেন।

এদিকে, আবাস যোজনার সমীক্ষা ঠিকঠাক হয়েছে কিনা তা খতিয়ে দেখতে কোচবিহারের জেলাশাসক এবং পুলিশ সুপার গতকাল সুপার সার্ভে-তে যোগ দেন। জেলা শাসক অরবিন্দ কুমার মিনা এবং পুলিশ সুপার দ্যুতিমান ভট্টাচার্য কোচবিহার-১ নম্বর ব্লকের বিভিন্ন গ্রাম পঞ্চায়েত এলাকায় ঘুরে স্থানীয়দের সঙ্গে কথা বলেন।

বাংলাদেশের সংখ্যালঘু হিন্দুদের ওপর নির্যাতনের প্রতিবাদ এবং চিন্ময়কৃষ্ণ দাসের নিঃশর্ত মুক্তির দাবীতে কলকাতায় গতকাল ‘বঙ্গীয় হিন্দু জাগরণ মঞ্চ’-এর মিছিলকে কেন্দ্র ধূম্কুমার কান্ড বাধে। শিয়ালদা থেকে শুরু হয়ে বাংলাদেশ ডেপুটি হাইকমিশন পর্যন্ত মিছিল যাওয়ার কথা থাকলেও, বেকবাগানের কাছে ব্যারিকেড করে তাদের পথ আটকায় পুলিশ। ব্যারিকেড ভেঙ্গে এগোনোর চেষ্টা করলে, মধ্যের সদস্যদের সঙ্গে ধন্তাধ্নিতে এক পুলিশ কর্মীর মাথা ফাটে। মিছিলে ছিলেন বিজেপি নেতা সজল ঘোষ, তাপস রায় প্রমুখ।

এরপর পাঁচ সদস্যের একটি প্রতিনিধি দল ডেপুটি হাইকমিশনে গিয়ে স্মারকলিপি জমা দেন। পরে সাংবাদিকদের কাছে মহামন্ডলমের স্বামী পরমাত্মানন্দজী মহারাজ বলেন-

(বাইট- ইসকন মহামন্ডলম)

বাংলাদেশে সাম্প্রতিক ঘটনাবলীতে তিনি ‘দুঃখিত ও মর্মাহত’ বলে, তৃণমূল কংগ্রেস নেতৃী মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী মন্তব্য করেছেন।

ঝাড়খণ্ডের মুখ্যমন্ত্রী হিসেবে হেমন্ত সোরেনের শপথ গ্রহণ অনুষ্ঠানে সেরে কলকাতায় ফিরে গতকাল বিমানবন্দরে তিনি সাংবাদিকদের বলেন, যেকোনো ধর্ম, বর্ণ, জাতির মানুষের উপর এধরণের অত্যাচার তারা সমর্থন করেন না।

(বাইট- মমতা)

এর আগে বিধানসভায় গতকাল মুখ্যমন্ত্রী বলেন, বাংলাদেশে চলতি পরিস্থিতিতে কেন্দ্র যে অবস্থান নেবে, তিনি পাশে থাকবেন। বিদেশমন্ত্রক যে পদক্ষেপ নেবে তাকে তারা সমর্থন করবেন।

মুখ্যমন্ত্রী আরো বলেন, আন্তর্জাতিক বিষয়ে কেন্দ্রীয় সরকারের পাশে থাকা তাঁর সরকারের নীতি। তবে যদি ধর্মের নিরিখে কোনও মানুষের উপর অত্যাচার হয় তা নিন্দনীয়। অন্য দেশেও এরকম কোন ঘটনা ঘটলে তা সমর্থন করা যায় না। প্রতিবেশী দেশে ইসকনের সন্ন্যাসীকে গ্রেফতার করার ঘটনায় উদ্বেগ প্রকাশ করে তিনি জানান, এ রাজ্যে ওই সংগঠনের প্রধানের সঙ্গে তাঁর কথা হয়েছে।

ইসকনের সন্ন্যাসী চিন্ময়কৃষ্ণ দাসের নিঃশর্ত মুক্তির দাবিতে বিজেপি আগামী সোমবার সকাল ১০-টা থেকে পেট্রাপোল সীমান্তে পথ অবরোধ করার কথা ঘোষণা করেছে।

অন্যদিকে, সন্ধানীর গ্রেপ্তারির প্রতিবাদে গতকাল জেলায় জেলায় বিক্ষোভ দেখানো হয়।

সনাতনী এক্য মধ্যের পক্ষ থেকে গতকাল বনগাঁ শহরের বাটার মোড়ে যশোর রোড অবরোধ করে বিক্ষোভ দেখানো হয়।

শিলিঙ্গড়ির বাঘায়তীন পার্ক থেকে প্রতিবাদকারীরা মিছিল করে মহকুমা শাসকের দণ্ডে গিয়ে গতকাল স্মারকলিপি জমা দেন।

পুরুলিয়া শহরেও, স্টেশন থেকে পোস্ট অফিস মোড় পর্যন্ত মিছিলে সামিল হন ধর্মীয় সংগঠনের পাশাপাশি অসংখ্য সাধারণ মানুষ।

CPIM রাজ্য সম্পাদক পলিটব্যুরোর সদস্য মহম্মদ সেলিম, ধর্মাণ্বিত রাজনীতি থেকে বিরত থাকার আহ্বান জানিয়েছেন।

প্রদেশ কংগ্রেসের পক্ষ থেকেও গতকাল বালিগঞ্জ ইক্সন মন্দির থেকে বাংলাদেশের ডেপুটি হাইকমিশন পর্যন্ত এক মিছিল বের করা হয়।

পশ্চিমী ঝাঙ্গা ও ঘূর্ণবর্তের প্রভাবে তাপমাত্রা বৃদ্ধি পাওয়ায় রাজ্যে শীত কিছুটা কম অনুভূত হচ্ছে।

উপকূলের জেলাগুলিতে বিক্ষিপ্তভাবে দু-এক পশলা বৃষ্টির পূর্বাভাস আগেই দিয়েছে আবহাওয়া দণ্ড। গাজেয় পশ্চিমবঙ্গের জেলাগুলি ছাড়াও দার্জিলিং, দুই দিনাজপুর ও মালদা জেলায় সকালের দিকে কুয়াশার পূর্বাভাস রয়েছে।

আজ দিনের সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ২১ ডিগ্রি সেলসিয়াস। স্বাভাবিকের থেকে যা তিন দশমিক পাঁচ ডিগ্রি বেশী। সর্বোচ্চ তাপমাত্রা ২৭ ডিগ্রির আশেপাশে থাকার সম্ভাবনা।

আইএসএল ফুটবলে ইস্টবেঙ্গল, আজ নর্থ ইস্ট ইউনাইটেডের বিরুদ্ধে খেলবে।

যুবভারতী ক্রীড়াগনে খেলা শুরু হবে সন্ধ্যা সাড়ে সাতটায়। এবারের লিগে ইস্টবেঙ্গল
এখনও জয় পায়নি।
